

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 03-01-2026

Time: 1.40 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ১/ রাজ্যে তিন আদিবাসী জনজাতির নাম সরাসরি চূড়ান্ত ভোটার তালিকায় উঠে যাবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।
- ২/ আনম্যাপড ভোটারদের পর এবার পূর্ব পুরুষ সংক্রান্ত তথ্য নিয়ে সংশয় থাকা ভোটারদেরও শুনানিতে ডাকা হচ্ছে।
- ৩/ নতুন বছরের শুরুতে রাজ্যে গণবন্টন ব্যবস্থার ওপর নজরদারি আরো কঠোর করা হচ্ছে।
- ৪/ কেন্দ্রীয় মৎসপালন দপ্তর, দেশের বিভিন্ন প্রজাতির মাছের চাষ বৃদ্ধি কর তে উদ্যোগী হয়েছে।
- ৫/ রাজ্যে দক্ষিণের জেলাগুলিতে ন্যূনতম তাপমাত্রা সাময়িক ভাবে ২-৩ ডিগ্রি বাড়তে পারে।
- ৬/ বিজয় হাজারে ট্রফি ক্রিকেটে বাংলা, অসমের সামনে ৩০৩ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

বীরহর, টোটো ও শবর, এই তিন আদিবাসী জনজাতির ভোটারদের নাম পশ্চিমবঙ্গের চূড়ান্ত ভোটার তালিকায় সরাসরি উঠে যাবে বলে ভারতের নির্বাচন কমিশন

জানিয়েছে। এই আদিবাসী জনজাতির ভোটারদের কোনও নথি দেখাতে হবে না বলেও নির্বাচন কমিশন এক নির্দেশিকায় জানিয়েছে।

কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিকরা, ব্লক উন্নয়ন আধিকারিক (BDO)-দের কাছে তাদের অঞ্চলে এই জনজাতির ভোটারদের যাবতীয় তথ্য আপলোড করার নির্দেশ দিয়েছে।

এস আই আর প্রক্রিয়ায় আনম্যাপড বা ২০০২ সালের ভোটার তালিকার সঙ্গে সম্পর্ক না দেখাতে পারা ভোটারদের পর এবার ‘প্রজেনি ম্যাপিং’ বা পূর্বপুরুষ সংক্রান্ত তথ্য নিয়ে সংশয় রয়েছে এমন ভোটারদের শুনানিতে ডাকছে নির্বাচন কমিশন। এরকম আরও ২৪ লক্ষ ভোটারকে শুনানির নোটিশ দেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। এক ব্যক্তির সঙ্গে ছ’জনের নাম যুক্ত রয়েছে, রাজ্যে এমন ভোটারের সংখ্যা প্রায় ২৪ লক্ষ। পাশাপাশি, নামের গরমিল ধরা পড়েছে ৫১ লক্ষ ভোটারের ক্ষেত্রে। বাবা ও সন্তানের বয়সের পার্থক্য ১৫ বছরের কম এমন ভোটার ৪ লক্ষ ৭৪ হাজার। আবার বাবার বয়সের সঙ্গে ভোটারের বয়সের ফারাক ৫০ বছরের বেশি মন ঘটনাও রয়েছে ৮ লক্ষ ৪১ হাজার।

কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর ও দক্ষিণ দিনাজপুরের মতো সীমান্তবর্তী জেলাগুলির অন্তত ৫০টি বিধানসভা কেন্দ্রে প্রজেনি ম্যাপিংয়ের হার অস্বাভাবিক রকম বেশি। এদিকে, তথ্যগত অসঙ্গতি বা ‘লজিক্যাল ডিসক্রিপেন্সি’-র সংখ্যাও কিছুটা কমেছে। ১ কোটি ৩৬ লক্ষ থেকে কমে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৯৪ লক্ষ ৪৯ হাজারে।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR-র শুনানির নোটিশ দেওয়ার সময় বুথ স্তরের আধিকারিকদের লাইভ ফটো আপলোড করতে হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। এই নতুন নির্দেশিকায় বলা হয়েছে, যে ব্যক্তিদের কাছে এই নোটিশ জারি করা হবে, নোটিশ দেওয়ার সময়, ওই ব্যক্তিদের ছবি তুলে আপলোড করতে হবে। এর ফলে BLO অ্যাপে নতুন অপশনও যোগ করা হয়েছে।

এ নিয়ে ভোট কর্মী ও BLO ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, এর আগে BLO-দের নোটিশ ধরানোর পর শুধু রিসিপ্ট নিয়ে আপলোড করার কথা ছিল। নতুন নির্দেশিকার ফলে BLO-দের ওপর নতুন দায়িত্ব চাপানো হল বলে তিনি মন্তব্য করেন। যদিও এর ফলে BLO-রা সঠিক ভাবে কাজ করছেন কিনা তার প্রমাণ নির্বাচন কমিশনের কাছে থাকবে বলেও তিনি জানান।

নতুন বছরের শুরুতে রাজ্যের গনবন্টন ব্যবস্থার উপর নজরদারি আরো কঠোর করতে খাদ্য দফতর উদ্যোগী হয়েছে। এজন্য জেলা স্তরে বিশেষ দল গঠন করে রেশন দোকানে অভিযান চালানো হবে। খাদ্য দফতরের এক নির্দেশিকায় বলা হয়েছে, জেলা রেশনিং অফিসার, জয়েন্ট ডিরেক্টর অব রেশনিং এবং জেলা কন্ট্রোলার অব ফুড অ্যান্ড সাপ্লাইসদের বিশেষ পরিদর্শন দল গঠন করতে হবে। দু' থেকে তিন জন কর্মী নিয়ে গঠিত এই দলগুলির নেতৃত্ব দেবেন সংশ্লিষ্ট মহকুমার সাব-ডিভিশনাল কন্ট্রোলার বা রেশনিং অফিসার। নিয়মিত পরিদর্শনের পাশাপাশি এই বিশেষ দলগুলি আলাদা করে ভেরিফিকেশন ইনস্পেকশন চালাবে।

কলকাতার সায়েন্স সিটির উল্টো দিকে বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গণে বৈদ্যুতিক গাড়ির জন্য চার্জিং স্টেশন ও আলাদা ইভি পার্কিং গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। পরিবেশবান্ধব পরিবহণ ব্যবস্থাকে উৎসাহ দিতে এই পদক্ষেপ বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। এই প্রকল্প বাস্তবায়নের জন্য ই-টেন্ডারের মাধ্যমে অভিজ্ঞ ইভি চার্জিং অপারেটর ও অ্যাগ্রিগেটরদের কাছ থেকে দরপত্র আহ্বান করা হয়েছে। রাজ্যের শিল্পোন্নয়ন নিগম সূত্রে জানা গেছে মেলা প্রাঙ্গণের পার্কিং এলাকার প্রথম তলায় প্রায় ৮ হাজার ১ শো ৯০ বর্গমিটার জায়গা ইভি-র জন্য নির্দিষ্ট করা হবে। ওই এলাকায় কেবল বৈদ্যুতিক গাড়ি পার্কিং ও চার্জিংয়ের অনুমতি থাকবে। নির্বাচিত সংস্থাকে স্পষ্ট নির্দেশিকা বসিয়ে এলাকা রক্ষণাবেক্ষণের দায়িত্ব নিতে হবে। এই প্রকল্প মাসিক ভাড়ার ভিত্তিতে চলবে। প্রাথমিকভাবে মাসিক ভাড়া ধরা হয়েছে প্রায় ৬ লক্ষ ৪৫ হাজার টাকা, তার বেশি দর দিয়েই সংস্থাগুলিকে বিড করতে হবে। চুক্তির মেয়াদ প্রথমে তিন বছর, পরে শর্তসাপেক্ষে বছরে বছরে নবীকরণের সুযোগ থাকবে।

একাদশ-দ্বাদশ নিয়োগের জন্য নতুন করে তথ্য যাচাই-এর পর আরো ৪৮ জন চাকরী প্রার্থীকে ইন্টারভিউ-এর জন্য ডাকা হয়েছে। আগামী আট তারিখ এই ইন্টারভিউ হবে। এর আগে কয়েকজন প্রার্থী হাইকোর্টে জানান, আবেদনের সময় জাতিগত ক্যাটাগরি উল্লেখ করলে তাঁরা তথ্য যাচাই-এর সুযোগ পেতেন। হাইকোর্ট এব্যাপারে ইতিবাচক মত প্রকাশ করে SSC-কে ফের তাঁদের আবেদন গ্রহণ করতে বলে। ১৫৪ জনের মধ্যে ৪৮ জন ইন্টারভিউ-এর যোগ্যতা অর্জন করেছে বলে SSC জানিয়েছে।

বালুরঘাট-শিলিগুড়ি ইন্টারসিটি এক্সপ্রেস, কোচবিহারের হলদিবাড়ি পর্যন্ত চালানোর উদ্যোগ নেওয়া হয়েছে। জলপাইগুড়ির সাংসদ ডক্টর জয়ন্ত কুমার রায় জানিয়েছেন, এই ট্রেনের পরীক্ষামূলক চলাচল শুরু করা হবে।

এছাড়াও, আলিপুরদুয়ার থেকে বেঙ্গলুরু এবং মুম্বাই-এর মধ্যেও ট্রেন চালানোর পরিকল্পনা করা হয়েছে।

ভারত সরকারের ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের অন্তর্গত মাই ভারত ছুগলির উদ্যোগে ছুগলি জেলার বৈঁচি গ্রামে তিনদিনের আবাসিক ইয়ুথ লিডারশিপ বুট ক্যাম্প আজ থেকে শুরু হয়েছে। বাঁটিকা বৈঁচিগ্রাম পঞ্চায়েত প্রধান মাননীয়া মালা বেগম, ডিস্ট্রিক্ট অফিসার ছুগলি সৈকত মন্ডল, উপপ্রধান দিগেন্দু ব্যানার্জি সহ বহু বিশিষ্ট ব্যক্তির উপস্থিতিতে শিবিরের সূচনা হয়। বিভিন্ন জেলা থেকে ১৫ থেকে ২৯ বছর বয়সী ৩৫ জন যুবক যুবতী ওই শিবিরে অংশগ্রহণ করে। বিকশিত ভারত গঠনের লক্ষ্যে যুব নেতৃত্ব তৈরি করতে এই শিবিরের আয়োজন। তিনদিনের এই শিবিরে তাদের ডিজিটাল লিটারেসি, ফিন্যান্সিয়াল লিটারেসি, কমিউনিটি মবিলাইজেশন, লিডারশিপ এন্ড কমিউনিকেশন স্কিল, ইয়ুথ পার্লামেন্ট সহ বিভিন্ন বিষয় ক্লাস করানো হবে।

২০২৫ সালে স্বাধীনতা দিবসের ভাষণে লালকেল্লার প্রাকার থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাতির পরিবর্তনশীল মানসিকতার চিত্র তুলে ধরেন। এ প্রসঙ্গে তিনি

বলেন, শিশুরা এখন খেলাধুলায় আগ্রহী হলে বাবা-মায়েরা খুশি হন। বিকশিত ভারত গড়ে তুলতে এই মানসিকতার পরিবর্তন ভীষণ গুরুত্বপূর্ণ। একটি প্রতিবেদন-

(ভিসি- কাশফিন)

কেন্দ্রীয় মৎসপালন দপ্তর, দেশের বিভিন্ন প্রজাতির মাছের চাষ বৃদ্ধি করতে উদ্যোগী হয়েছে। দেশে ৮০ প্রজাতির মাছ চাষ হলেও, মূলতঃ রুই কাতলা, মৃগেল ও গলদা চিংড়ির মতো কয়েকটি মাছের চাষই বেশী হয়। দপ্তর, প্রধানমন্ত্রী মৎস সম্পদ যোজনা, প্রধানমন্ত্রী মৎস কিষাণ সমৃদ্ধি সহ যোজনা এবং 'ফিসারিশ অ্যান্ড অ্যাকুয়া কালচার ইনফ্রাস্ট্রাকচার ডেভলপমেন্ট ফান্ড'-এর মাধ্যমে মৎস চাষিদের সুবিধার্থে ঋণের ব্যবস্থা করেছে।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে জমি সংক্রান্ত ঘটনায় অভিযুক্ত মুসা মোল্লা-কে গ্রেপ্তার করতে গিয়ে স্থানীয় বাসিন্দাদের নিগ্রহের শিকার হয়েছে রাজবাড়ি আউটপোস্টের পুলিশ। ঘটনায় তিনজনেরও বেশি পুলিশ কর্মী আহত হয়েছেন। এই ঘটনায় ন'জনকে গ্রেপ্তার করা হলেও, মুসা মোল্লা পলাতক। ধৃতদের আজ বসিরহাট আদালতে পাঠানো হয়েছে।

আসন্ন গঙ্গাসাগর মেলা উপলক্ষে, শিয়ালদা থেকে নামখানা ও কাকদ্বীপ যাওয়ার ট্রেনের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বাড়ানো হচ্ছে। আগামী ১০ তারিখ থেকে ১৬ তারিখ পর্যন্ত মোট ১৫৬ টি ট্রেন চালানো হবে, যা এর আগের তুলনায় ৫০ শতাংশ বেশী।

শিয়ালদা DRM রাজীব সাক্ষেপা গতকাল এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, অন্যান্য বছর ছ'দিন বিশেষ পরিষেবা চালু থাকলেও, এবার সাত দিনই তা' মিলবে।

(বাইট- DRM রাজীব)

গঙ্গাসাগর মেলায় প্রস্তুতি খতিয়ে দেখতে কলকাতা পুরসভায় এক উচ্চ পর্যায়ের বৈঠকের আয়োজন করা হয়। পুরভবনে মেয়র ফিরহাদ হাকিমের পৌরহিত্যে গতকাল বিভিন্ন বিভাগের মেয়র পারিষদ , পুর কমিশনার, বিভিন্ন পুর আধিকারিক, কলকাতা পুলিশের আধিকারিক , দমকল বিভাগ, ট্রান্সস্পোর্ট বিভাগ ও পূর্ত দপ্তরের আধিকারিকরা বৈঠকে উপস্থিত ছিলেন। প্রতিবছরের মতো এ বছরও কলকাতার বাবুঘাট ও সংলগ্ন এলাকায় দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রচুর পূর্ণার্থীর সমাগম হবে । চলতি বছর গঙ্গাসাগর মেলায় ভক্তদের নিরাপত্তা, স্বাস্থ্য পরিষেবা, অগ্নিনির্বাপন ব্যবস্থা পর্যালোচনা করতে বৈঠকের আয়োজন করা হয়। ভক্ত ও পূর্ণার্থীদের সুবিধার্থে অতিরিক্ত সতর্কতা নিশ্চিত করাই বৈঠকের মূল উদ্দেশ্য বলে কলকাতার মেয়র ফিরহাদ হাকিম জানান।

রাজ্যের দক্ষিণের জেলাগুলিতে ন্যূনতম তাপমাত্রা আগামী ২-৩ দিনে দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে।

আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৪.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিক। সকালের দিকে প্রায় সব জেলাতেই হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।

এদিকে, উত্তর-পশ্চিম বাংলাদেশ ও সংলগ্ন হিমালয় পাদদেশীয় এলাকায় বায়ুস্তরের উপরিভাগে একটি ঘূর্ণাবর্ত তৈরি হয়েছে। ৫ তারিখের মধ্যে দার্জিলিং জেলায় বিক্ষিপ্তভাবে কোথাও কোথাও হালকা বৃষ্টি বা হালকা তুষারপাতের সম্ভাবনা রয়েছে এছাড়া কালিম্পং ও জলপাইগুড়ি জেলাতেও হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।
